

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোপালগঞ্জ সদর ।

স্মারক নং ০৫.৪৯০.০১১.০০.০০.০৩৯.২০১২- ৫১২

তারিখ: ০২/০৬/২০১৬ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ০৪ মে, ২০১৫ তারিখের জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরী শর্তাবলী সম্পর্কিত বিধিমালা/২০১৫ এর ৩ ও ৪/৭(২) ধারা মতে গোপালগঞ্জ জেলাধীন সদর উপজেলার ইউনিয়নের পার্শ্বে উল্লিখিত ওয়ার্ডের শূন্য পদে মহল্লাদার (গ্রাম পুলিশ) নিয়োগের জন্য নিম্নোক্ত ইউনিয়নের/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ।

পদের নাম	ইউনিয়নে নাম	ওয়ার্ড নং	পদের সংখ্যা	বেতন	বয়স	শিক্ষাগত যোগ্যতা
মহল্লাদার (গ্রামপুলিশ)	করপাড়া	০৮	০১	সরকার কর্তৃক নির্ধারিত	১৮-৩০	৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
	গোবরা	০৫	০১			
	সুকতাইল	০৪	০১			

শর্তাবলী:

- ১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক/সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২) পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০-৩২ ইঞ্চি এবং ওজন ৫০ কেজি । মহিলা প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা ৫ ফুট বুকের মাপ ২৮-৩০ ইঞ্চি ও ওজন ৪৫ কেজি হতে হবে।
- ৩) আবেদনকারী/প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্মতারিখ, বয়স (১৬/০৬/২০১৬ খ্রি.তারিখের মধ্যে), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) দাখিলসহ নিম্নস্বাক্ষরকারী বরাবর ১৬/০৬/২০১৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন সরাসরি বা ডাক যোগে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না।
- ৪) আবেদনপত্রের সাথে আবেদনকারী/প্রার্থীর তিন কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙ্গিন ছবি, সংশ্লিষ্ট ওয়ার্ড এবং ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নাগরিকত্ব/সনদপত্র, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদ, চারিত্রিক সনদপত্র, জন্মনিবন্ধন সনদপত্র ও ভোটার আইডি কার্ডের ফটোকপি দাখিল করতে হবে।
- ৫) নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত বিধিবিধান ও কোটা অনুসরণ করা হবে।
- ৬) প্রাপ্ত সকল দরখাস্ত প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত আবেদনকারী/প্রার্থীগণকে বাছাই কমিটির স্বাক্ষরিতকারে উপস্থিত হতে হবে। স্বাক্ষরিতকারে উপস্থিত আবেদনকারী/প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৭) আবেদনকারী/প্রার্থীর প্রাপ্ত তথ্য ভূয়া প্রমাণিত হলে আবেদনপত্র/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৮) নিয়োগপ্রাপ্ত আবেদনকারী/প্রার্থীকে থানায় এক মাস প্রশিক্ষণ সমাপ্ত করতে ব্যর্থ হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৯) কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল/পদের সংখ্যা বৃদ্ধি বা কমানোর অধিকার সংরক্ষণ করেন।
- ১০) এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ স্বাক্ষরিতকার গ্রহণ করতে কিংবা পদে নিয়োগ করতে বাধ্য থাকবে না।

(মোহাম্মদ জালাল উদ্দিন)

উপজেলা নির্বাহী অফিসার

গোপালগঞ্জ সদর

২/৬/১৬